




**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি**

ইসলামী বিশ্ববিদ্যালয় শ্রেণীত প্রথম বর্ষ ভর্তি অর্ডিন্যান্স এর আলোকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণীতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু আবেদনকারীগণ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়েবসাইট <http://iu.bigsoft.com> অথবা [www.iu.ac.bd/admission](http://www.iu.ac.bd/admission) -এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।

১। ইউনিট কোর্ড ও বিভাগসমূহ নিম্নরূপ:

ইউনিট	বিভাগ
A	১. আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ২. দাওরাহ এন্ড ইসলামিক স্টাডিজ এবং ৩. আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ
B	১. অর্থনীতি, ২. আরবি ভাষা ও সাহিত্য, ৩. বাংলা ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. ইংরেজি ৬. লোক প্রশাসন ৭. রাষ্ট্রবিজ্ঞান ৮. ফোকলোর স্টাডিজ ৯. ডেভেলপমেন্ট স্টাডিজ ১০. সোশ্যাল ওয়েলফেয়ার, ১১. আইন, ১২. আল ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ, ১৩. আইন ও ভূমি ব্যবস্থাপনা এবং ১৪. ফাইন আর্টস
C	১. হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি ২. ব্যবস্থাপনা ৩. ফিন্যান্স এন্ড ব্যাংকিং ৪. মার্কেটিং ৫. হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ৬. টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট
D	১. ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রোনিক ইঞ্জিনিয়ারিং ২. ফলিত রসায়ন ও কেমিকৌশল ৩. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ৪. ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, ৫. বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ৬. ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি ৭. গণিত ৮. পরিসংখ্যান ৯. বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ১০. এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি এবং ১১. ফার্মেসি

- ২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা: যে সকল ছাত্র-ছাত্রী ২০১৮ বা ২০১৯ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের এবং ২০১৪ সন বা তৎপরবর্তীতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ভর্তি নির্দেশিকার শর্তসাপেক্ষে বিভিন্ন কোর্টায় আবেদন করা যাবে। ভর্তি নির্দেশিকায় বিস্তারিত শর্তসমূহ পাওয়া যাবে।
- ৩। অনলাইন-এর মাধ্যমে আবেদন করার পদ্ধতি: ওয়েবসাইট [www.iu.ac.bd/admission](http://www.iu.ac.bd/admission) অথবা <http://iu.bigsoft.com> এ প্রকাশিত ভর্তি নির্দেশিকা এবং নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।
- ৪। আবেদন করার সময়সীমা: ০২ সেপ্টেম্বর ২০১৯ থেকে ০১ অক্টোবর ২০১৯ রাত ১২.০ মি পর্যন্ত। প্রাথমিক আবেদন ফরম এর মূল্য A ইউনিট ৫০০.০০ (পাঁচশত), B ইউনিট ১৬০০.০০ (এক হাজার ছয়শত), C ইউনিট ৮০০.০০ (আটশত) এবং D ইউনিট ১৩০০.০০ (এক হাজার তিনশত) টাকা। এর সাথে আনুষঙ্গিক সার্ভিস চার্জ বাবদ ২৫ টাকা করে যোগ করতে হবে।
- ৫। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য: (ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ভর্তি পরীক্ষা ০৪ নভেম্বর থেকে ৭ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.iu.ac.bd/admission](http://www.iu.ac.bd/admission)) এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। (খ) ৮০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তন্মধ্যে ৬০ নম্বরের এমসিকিউ এবং ২০ নম্বরের লিখিত নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে। এমসিকিউ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।
- ৬। ভর্তি পরীক্ষার ফলাফল ১৫ নভেম্বর ২০১৯ ইং তারিখের মধ্যে প্রকাশ করা হবে এবং চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া শেষে আগামী ১১/০১/২০২০ ইং তারিখে ক্লাশ শুরু হবে।
- ৭। ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে উপরোক্ত ইউনিটসমূহের অন্তর্ভুক্ত বিভাগে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট [www.iu.ac.bd](http://www.iu.ac.bd) থেকে সংগ্রহ করা যাবে।



এস.এম.আব্দুল লতিফ  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামী বিশ্ববিদ্যালয়  
কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ।